

কারা অধিদপ্তর

“প্রেস রিলিজ”

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ এবং কারা অধিদপ্তরের উদ্যোগে পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস ও ঐতিহাসিক ভবন সংরক্ষণ, ল্যান্ডস্কেপ ডিজাইন এবং পারিপার্শ্বিক উন্নয়নের লক্ষ্যে একটি উন্মুক্ত ডিজাইন প্রতিযোগিতার আয়োজন করা হয়। এই প্রতিযোগিতায় সহায়তা করেন বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউট ও বাংলাদেশ ইনস্টিটিউট অব প্ল্যানার্স। পরবর্তীতে ৫-১০-২০১৭ খ্রিঃ তারিখ বেলা- ৫.০০ ঘটিকা হতে রাত ৯.০০ ঘটিকা পর্যন্ত শিল্পকলা একাডেমীর ৫ নং গ্যালারীতে ডিজাইন জমা গ্রহণ করা হয়। এতে ৯৮টি প্রতিষ্ঠান রেজিস্ট্রিভুক্ত হয় এবং সর্বমোট ৩৪টি প্রতিষ্ঠান ডিজাইন ও মডেল জমা দেয়।

সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জনাব ফরিদ উদ্দিন আহম্মেদ চৌধুরী, প্রখ্যাত ইতিহাসবিদ, প্রফেসর মুনতাসীর মামুন, প্রফেসর ডঃ শায়ের গফুর, বুয়েট, প্রফেসর আবু সাঈদ এম আহমেদ, সাবেক সভাপতি, বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউট, প্রধান স্থপতি, কাজী গোলাম নাসির, ড. ইশরাত ইসলাম, প্রফেসর, বুয়েট, কারা মহাপরিদর্শক, সৈয়দ ইফতেখার উদ্দিনসহ মোট ৭ সদস্য বিশিষ্ট জুরী বোর্ড ৪ দিন ব্যাপী জুরী কার্য পরিচালনা করেন। জুরী বোর্ড ১ম ও ২য় শ্রেষ্ঠ ডিজাইন নির্বাচন করেন এবং তিন জনকে শংসাপত্র প্রদানের জন্য নির্বাচন করেন :

১ম স্থান নির্বাচিত হয়েছে : স্থপতি মোঃ আবদুর রশীদ ও তার দল

২য় স্থান নির্বাচিত হয়েছে : স্থপতি আমিনুল এহসান ও তার দল

শংসাপত্র প্রাপ্ত তিন জন : -স্থপতি মেরিনা তাবাসসুম ও তার দল

-স্থপতি শফিক হাসনাইন ও তার দল

-স্থপতি আবুল ফজল মাহমুদুন নবী ও তার দল

প্রকল্পটি বাস্তবায়ন হলে বঙ্গবন্ধু তথা মুক্তিযুদ্ধের ইতিহাস, চার নেতার স্মৃতির যাদুঘর এবং ঢাকার মধ্যযুগের ঐতিহ্য সংরক্ষণ করা যাবে। কারা জীবনের অভিজ্ঞতা অনুভব এবং পাশাপাশি পুরাতন ঢাকার যানজট হ্রাস পাবে, উন্মুক্ত নাটক ও সাংস্কৃতিক অনুষ্ঠান মঞ্চায়ন করা যাবে, গবেষণার সুযোগ, পুরাতন ঢাকার ঐতিহ্যবাহি খাবারের ফুড কোর্ট, নির্মল বাতাসের জন্য থাকবে সুসজ্জিত জলাধার যা দর্শনকারীর জন্য আনন্দদায়ক হবে। সবুজে ঘেরা একটি দৃষ্টি নন্দন এবং ঐতিহাসিক এলাকাটি হবে ঢাকাবাসীর জন্য পরিবার পরিজন নিয়ে বেড়ানোর একটি সুন্দর ও আদর্শ জায়গা হবে। প্রস্তাবিত প্রকল্প ঢাকা নগরের একটি ঐতিহাসিক স্থান হিসেবে ঘোষিত হয়ে রাজউক এর ইমারত নির্মাণ বিধিমালার প্রয়োগ নিশ্চিত হবে।

আগামী ৩০ অক্টোবর'২০১৭ তারিখে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী প্রতিযোগিতার পুরস্কার বিতরণ এবং জনসাধারণের জন্য প্রদর্শনী উন্মুক্ত করবেন।